



তারিখ : ১ লা ডিসেম্বর, ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

শিক্ষিত জাতি বিশ্বের কোথাও অনুন্নত থাকে না

-উপাচার্য ড. হারুন-অর-রশিদ

আজ ১/১২/২০১৭ তারিখ পিরোজপুর জেলা সদর টাউন স্কুলে প্রতিষ্ঠার শতবর্ষ বার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, 'ব্রিটিশ বিরোধী স্বদেশী আন্দোলনের এক পর্যায়ে ১৯১৭ সালে প্রতিষ্ঠিত পিরোজপুর টাউন স্কুল বাংলাদেশের অন্যতম প্রবীন ঐতিহ্যবাহী একটি শিক্ষা প্রতিষ্ঠান। জাতীয় উন্নয়নে শিক্ষার কোন বিকল্প নেই, শিক্ষাক্ষেত্রে ব্যয় হচ্ছে শ্রেষ্ঠ বিনিয়োগ। কোন শিক্ষিত জাতি ক্ষুধা দারিদ্র বা অনগ্রসর থাকেনি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষার উপরে সর্বোচ্চ গুরুত্বারোপ করতেন। নিরক্ষরতা দূর করার লক্ষে তিনি ক্রাশ প্রোগ্রাম হাতে নিয়ে লেখাপড়ার তাগিত দিয়েছিলেন। দারিদ্রতার কারণে অস্বচ্ছল পরিবারের সন্তানেরা যাতে উচ্চ শিক্ষা লাভে বঞ্চিত না হয় সে বিষয়টি রাষ্ট্র ও সরকারকে দেখতে হবে। জাতির পিতার কন্যা বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। আমাদের সন্তানদের সুশিক্ষা দিয়ে ভবিষ্যতে যোগ্য ও আত্মনিবেদিত ও মানবিক গুনসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে।'

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, স্কুলের প্রধান শিক্ষক জনাব আব্দুল করিম সরদার।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, পিরোজপুর পৌরসভার মাননীয় চেয়ারম্যান হাবিবুর রহমান মানিক, সাবেক ছাত্রনেতা জনাব ইসাহাক আলী হক পান্না, এডভোকেট আব্দুল হাকিম, জনাব এম এ মান্নান ও পিরোজপুর সদর উপজেলার টিএনওসহ প্রমুখ।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়